



বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল

২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী

পুরাতন ৮৬ বিজয়নগর, ঢাকা-১০০০।


বিজ্ঞপ্তি



ডা: এ বিএম সফিউল্লাহ কবির

সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ডা: এ বিএম সফিউল্লাহ কবির, সিনিয়র কমালটেন্ট, ইন্টারনাল মেডিসিন, ল্যাবএইড স্পেশালাইজড হাসপাতাল, বাড়ী নং: ০৬, রোড নং: ০৪, ধানমন্ডি, ঢাকা। উক্ত চিকিৎসক এর বিরুদ্ধে অভিযোগকারী রাশেদা হোসেন, ইষ্টার্প রোকেয়া টাওয়ার, ৯৮, বড় মগবাজার, রমনা, ঢাকা তাহার স্বামী মোশারফ হোসেন সূফেল ধানমন্ডিহ ঢাকা ল্যাব এইড স্পেশালাইজড হাসপাতালে করোনা টেস্ট পরীক্ষায় রিপোর্ট পজেটিভ হওয়ায় ভর্তি হয়। ভর্তি পরবর্তী চিকিৎসক রোগীর প্রতি চিকিৎসা সেবা প্রদানে তাহার যথেষ্ট অবহেলা পরিলক্ষিত হয় বিধায় পরবর্তীতে রোগীর মৃত্যু হয়। এই মর্মে মৃত মোশারফ হোসেন সূফেল এর স্ত্রী রাশেদা হোসেন অত্র কাউন্সিলে অভিযোগ দাখিল করেন। উক্ত অভিযোগের প্রেক্ষিতে কাউন্সিল অভিযোগকারী এবং চিকিৎসক উভয়ের সাক্ষাৎকার গ্রহন ও কাউন্সিল কর্তৃক গঠিত তদন্তে প্রমানিত হয় যে, চিকিৎসা কার্যে চিকিৎসকের যথেষ্ট গাফিলতি ও অবহেলা ছিল, তাহা প্রমানিত হইয়াছে।

এমতাবস্থায় বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০(৬১ নং আইন) এর ২৩(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বিএমএন্ডডিসি হইতে প্রদত্ত আপনার রেজিস্ট্রেশন (A-16644, Date of Registration: 07.04.1988) ৬ (ছয়) মাসের জন্য স্থগিত করা হইল যাহা ০৮/১১/২০২০ইং তারিখ হইতে কার্যকর হইবে। উল্লিখিত সময়ে বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০ (৬১ নং আইন) এর ধারা ২২(১) অনুযায়ী আপনার রেজিস্ট্রেশন স্থগিতকালীন সময়ে আপনি চিকিৎসক হিসাবে কোথাও কোন প্রকার চিকিৎসা সেবা প্রদান করিতে পারিবেন না। এমনকি উক্ত সময়ে আপনি নিজেকে চিকিৎসক হিসাবে পরিচয় দিতে পারিবেন না।


০৬/১১/২০

ডা: মো: আনোয়ারুল হক ফরাজী
রেজিস্ট্রার (দায়িত্বপ্রাপ্ত)

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল